দুর্যোগ ব্যবস্থাপনায় তথ্যপ্রযুক্তি



সাইক্লোন শেল্টার তথ্য ভান্ডার

মোবাইল ফোনে IVR প্রযুক্তিতে দুর্যোগ সতর্কতা ব্যবস্থা



প্লাবিত এলাকার গভীরতা মানচিত্র



সামাজিক নিরাপত্তা তথ্য প্রক্রিয়া ব্যবস্থাপনা

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

সহযোগিতায়: কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রনালয়

সাইক্লোন শেল্টার তথ্য ভান্ডার

উপকূলীয় এলাকায় ঘূর্ণিঝড় এর ভয়াবহতা হতে উপকূলীয় লোকজন ও গবাদিপশু রক্ষার জন্য সাইক্লোন শেল্টার বা ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র ব্যবহার করা হয়। ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র সংক্রান্ত বিভিন্ন তথ্য (যেমন ধারণ ক্ষমতা, স্থান, কাঠামো ইত্যাদি) সাইক্লোন শেল্টার তথ্য ভান্ডারে সংরক্ষণ করা আছে এবং ইন্টারনেটের মাধ্যমে উক্ত তথ্য সমূহ যেকোন স্থান থেকে পাওয়া এবং ইহা ইন্টারএক্টিভ মানচিত্রের (ম্যাপ) মানচিত্র পর্যবেক্ষণের সুবিধা সম্বলিত। ফলে যে কোন্ ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্রে কতজন আশ্রয় নিতে পারবে এবং একটি নির্দিষ্ট গ্রাম বা লোকালয় থেকে কোনটি কাছে হবে এ সকল তথ্য পূর্বেই জানা যাবে এবং আপদকালীন সময়ে সিদ্ধান্ত গ্রহণ সহজ ও কার্যকারী হবে। এ ছাড়া নতুন আশ্রয়কেন্দ্র নির্মানের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করাও সহজ হবে।



সাইক্লোন শেল্টার তথ্য ভান্ডার এর ওয়েবপেজ

সাইক্লোন শেল্টার তথ্য ভান্ডারের এর ওয়েবসাইট লিংক: www.cdmp.org.bd/csdb, www.dmic.org.bd/csdb

প্লাবিত এলাকার গভীরতা মানচিত্র

বাংলাদেশে প্রায় প্রতিবছরেই সাইক্লোন বা বন্যার ঘটনা ঘটে এবং বিশাল এলাকা প্লাবিত হয়ে ঘরবাড়ি, ফসল এবং সম্পদের ক্ষতি হয়। এই বিপুল পরিমান ক্ষতি কমানোর জন্য সাইক্লোন বা বন্যায় প্লাবিত এলাকা নিরুপণ এবং স্থানভিত্তিক গভীরতা নির্ণয় করে ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করা হয়। যাতে করে সংশ্লিষ্ট এলাকার লোকজন দুর্যোগ মোকাবেলায় পূর্বপ্রস্তুতি নিতে পারে । এ ছাড়া নতুন কোন স্থাপনা নির্মানের জন্য ঝুঁকিমুক্ত উপযুক্ত স্থান নির্বাচন করাও সহজ হবে। যেমন একটি নির্দিষ্ট স্থানে শেল্টার নির্মানের জন্য নিচতলা কতখানি ফাঁকা রাখতে হবে, তা নির্ধারণ করা যাবে।



সাইক্লোনে প্লাবিত এলাকার গভীরতা মানচিত্র

তথ্য ভান্ডারের এর ওয়েবসাইট লিংক:
www.cdmp.org.bd/inmap, www.dmic.org.bd/inmap

সামাজিক নিরাপত্তা তথ্য প্রক্রিয়া ব্যবস্থাপনা

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, দুর্যোগের ঝুঁকিহ্রাস, গ্রামীণ এলাকায় কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র্য বিমোচনে বহুবিধ কাজ করে থাকে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচী (টিআর), গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচী (কাবিখা), অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি), ভালনারেবল গ্রুপ ফিডিং (ভিজিএফ), গ্রামীণ রাস্তা ছোট ছোট ব্রীজ-কালভার্ট নির্মাণ, বন্যা আশ্রয়কেন্দ্র নির্মাণ, বহুমূখী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র নির্মাণ, মানবিক সহায়তা (জিআর ক্যাশ, খাদ্যশস্য, ঢেউটিন, কম্বল/শীতবস্ত্র বিতরণ) এর মধ্যে অতি গুরুত্বপূর্ণ। এ সকল কর্মকান্ড সম্পর্কে চাহিদা মোতাবেক সঠিক তথ্য সবসময় পাওয়া যায় না। এজন্য তথ্যের সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে সামাজিক প্রকল্প ব্যবস্থাপনা সংক্রান্ত ওয়েবসাইট নির্ভর তথ্য ব্যবস্থা SPMIS (Social Project Management Information System) তৈরী করা হয়েছে। এ মুহূর্তে ২০০৮-২০০৯, ২০০৯-২০১০, ২০১০-২০১১ সালের উল্লেখযোগ্য কর্মকান্ডের তথ্য এ ওয়েব পোর্টালে পাওয়া যাবে। যার ফলে যে কোন সময় যে কোন ব্যক্তি যে কোন স্থান থেকে প্রয়োজনীয় তথ্য পেতে পারবেন।

SPMIS থেকে প্রাপ্ত সুবিধা সমূহ:

১। ইউনিয়ন/উপজেলা/জেলায় এ কর্মকান্ডের আওতায় উপকারভোগীর সংখ্যা জানা যাবে।
২। দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে এ সকল সেফটিনেট প্রোগ্রামে কোথাও বৈষম্য হচ্ছে কিনা তা জানা যাবে।
৩। সকল এলাকায় সমভাবে সুবিধা বন্টনের চিত্র পাওয়া যাবে।
৪। কোন দুঃস্থ জনগোষ্ঠী এ সুবিধা বঞ্চিত হচ্ছে কিনা তা জানা যাবে।
৫। প্রয়োজনীয় ক্ষেত্রে সহজে তথ্য পাওয়া যাবে।
৬। পরবর্তী প্রকল্প গ্রহণে এ তথ্য সহায়ক ভূমিকা রাখবে।
৭। জীবনমান উন্নয়নের কিছু সূচক কতদূর এগিয়েছে তা জানতে সহজ হবে।
৮। গবেষনায় ও এ তথ্য ব্যবহার করা যাবে।

সকল মোবাইল ফোনে IVR প্রযুক্তির মাধ্যমে দুর্যোগ সম্পর্কিত আগাম বার্তা প্রদান

বাংলাদেশ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকিপ্রবণ দেশ। এর মধ্যে ঘূর্ণিঝড় ও বন্যা অন্যতম। আগাম সর্তকবার্তা দুর্যোগের ঝুঁকি বা ক্ষয়ক্ষতি হ্রাসে অত্যন্ত সহায়ক। দুর্যোগের আগাম বার্তা প্রদানে ক্রমান্বয়ে অগ্রগতির কারনে প্রাকৃতিক দুর্যোগে অতীতের চেয়ে বর্তমানে জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি তূলনামূলকভাবে অনেক হ্রাস পেয়েছে। এর ধারাবাহিকতায় IVR (Interactive Voice Response) পদ্ধতিতে সকল মোবাইল ফোনের মাধ্যমে বিভিন্ন দুর্যোগের পূর্বাভাস পাওয়া যাবে। এ ব্যবস্থায় যে কোন মোবাইল ফোনে **১০৯৪১** ডায়াল করে নিম্নোক্ত পূর্বাভাস সমূহ পাব যাবে:

- ১ ডায়াল করলে সমূদ্রগামী জেলেদের জন্য আবহাওয়া বার্তা;
- ২ ডায়াল করলে নদী বন্দরসমূহের জন্য সর্তক সংকেত;
- ৩ ডায়াল করলে দৈনন্দিন আবহাওয়া বার্তা;
- ৪ ডায়াল করলে ঘূর্ণিঝড়ের সর্তক সংকেত;
- ৫ ডায়াল করলে দেশের বন্যা তথা বিভিন্ন নদ/নদীর পানি হ্রাস বৃদ্ধির অবস্থা সম্পর্কিত তথ্য সম্পর্কে অবহিত হওয়া যায়।

এ সেবা পরীক্ষমূলকভাবে চালু করা হয়েছে।

প্রচারে: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

সহযোগিতায়: কম্প্রিহেনসিভ ডিজাস্টার ম্যানেজমেন্ট প্রোগ্রাম (সিডিএমপি ২)

UKaid from the British people · European Union · NORWEGIAN EMBASSY · Sida · Australian AID · UNDP Empowered lives. Resilient nations.